NYC sanitation

অফিসিয়াল বিজ্ঞপ্তি

ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য জৈব আবর্জনার নতুন আইন

জুলাই 19, 2016 তারিখ থেকে, নিউ ইয়র্ক সিটির কিছু নির্দিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান তাদের জৈব বর্জ্য পদার্থগুলো আলাদা করাটা আইন অনুযায়ী বাধ্যতামূলক হবে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে 311-এ যোগাযোগ করুন অথবা on.nyc.gov/commercial-organics ওয়েবসাইট দেখুন।

সময়সূচি



বাণিজ্যিক বর্জ্য পদার্থের আইনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ

লক্ষ্য করুন : যদি আপনার ব্যবসা প্রতিষ্ঠান নিম্নলিখিত ন্যূনতম শর্তগুলো পূরণ করে, তাহলে আপনাকে অবশ্যই বাণিজ্যিক বর্জ্য পদার্থের আইন মেনে চলতে হবে।

ময়দানে ও স্টেডিয়ামে 15,000 বা আরো বেশি আসন

25,000 বর্গফুট বা আরো বেশি জায়গা নিয়ে খাদ্য প্রস্তুতকারক

20,000 বর্গফুট বা আরো বেশি জায়গা নিয়ে খাদ্যের পাইকারি বিক্রেতা

150টি বা আরো বেশি কক্ষবিশিষ্ট হোটেলে খাদ্য পরিবেশন

কোন জৈব বর্জ্যগুলো আলাদা করতে হবে

খাদ্যের অবশিষ্টাংশ

কৃষক বা রেন্ডারিং কোম্পানিগুলোর কাছে বিক্রিত সামগ্রী বা দানকৃত খাবার এর অন্তর্ভুক্ত নয়।

গাছের কর্তিতাংশ



খাবার লেগে থাকা কাগজ



প্রত্যায়িত পচনশীল সামগ্রী

প্রক্রিয়াকরণকারীর প্রত্যায়নের শর্তগুলো অবশ্যই পূরণ করতে হবে।

কিভাবে মেনে চলতে হবে এবং লঙ্ঘন এড়িয়ে চলতে হবে

জৈব বর্জ্যের জন্য আলাদা লেবেলযুক্ত কন্টেইনার দিতে হবে এবং কর্মীরা যেসব জায়গায় জৈব বর্জ্য নাড়াচাড়া করে সেখানে জৈব বর্জ্য আলাদা করার আবশ্যকতা সম্পর্কে নির্দেশনা ঝুলিয়ে রাখতে হবে।

কর্মীরা যথাযথভাবে লেবেলযুক্ত কন্টেইনারে জিনিসগুলো রাখতে হবে এবং জৈব বর্জ্যগুলো যাতে অন্য কোনো আবর্জনা বা রিসাইকেলযোগ্য সামগ্রীর সাথে মিশে না যায় তা নিশ্চিত করতে হবে।

জৈব বর্জ্যগুলোকে আবর্জনা ও রিসাইকেলযোগ্য সামগ্রী থেকে আলাদাভাবে পরিবহন এবং/অথবা প্রক্রিয়াকরণের ব্যবস্থা করতে হবে। আপনার BIC ডেকালের পাশে একটি সাইন লাগিয়ে রাখতে হবে যা আপনার ব্যবস্থাকে স্পষ্টভাবে বর্ণনা করে। সাইন লাগানো সম্পর্কিত শর্তের জন্য on.nyc.gov/commercial-organics ওয়েবসাইট দেখুন।

ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য জৈব আবর্জনার নতুন আইন

NYC sanitation

জুলাই 19, 2016 তারিখ থেকে, নিউ ইয়র্ক সিটির কিছু নির্দিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান তাদের জৈব বর্জ্য পদার্থগুলো আলাদা করাটা আইন অনুযায়ী বাধ্যতামূলক হবে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে 311-এ যোগাযোগ করুন অথবা on.nyc.gov/commercial-organics ওয়েবসাইট দেখুন।

জৈব বর্জ্য পরিবহন বা প্রক্রিয়াকরণের উপায়সমূহ

প্রাইভেট কার্টার

- কম্পোস্টিং বা অবায়বীয়/ বায়বীয় পচনের মাধ্যমে প্রক্রিয়াকরণ করার উদ্দেশ্যে জৈব বর্জ্য সংগ্রহের জন্য একটি প্রাইভেট কার্টার ভাড়া করুন।
- আপনার কার্টারের দেয়া মাপ অনুযায়ী সেট-আউট কন্টেইনার ব্যবহার করুন এবং এমন ঢাকনা দিয়ে ঢেকে রাখুন যেগুলো ইঁদুর জাতীয় প্রাণী বা বন্যপ্রাণী প্রতিরোধী।
- নিরাপদভাবে ঢাকনা লাগানো অবস্থায় জৈব বর্জ্য পদার্থের কন্টেইনারগুলো সংগ্রহের জন্য বাইরে রাখুন।

নিজে-পরিবহন

- আইনসম্মতভাবে জৈব বর্জ্য পরিবহনের জন্য এনওয়াইসি বিজনেস ইন্টেগ্রিটি কমিশন (BIC)-এর সাথে নিবন্ধন করুন।
- কম্পোস্টিং বা অবায়বীয়/ বায়বীয় পচনের মাধ্যমে প্রক্রিয়াকরণ করার জন্য আপনার নিজস্ব জৈব বর্জ্য সরাসরি কোনো প্রক্রিয়াকারকের কাছে অথবা একটি ট্রান্সফার স্টেশনে নিয়ে যান যা নিশ্চিত করবে যে এই সামগ্রীগুলো অন্যান্য বর্জ্য থেকে আলাদা থাকবে এবং যথাযথ প্রক্রিয়াকরণের জন্য একটি চূড়ান্ত জায়গায় স্থানান্তর করবে।
- প্রক্রিয়াকারক বা ট্রান্সফার স্টেশনের সাথে আপনার লিখিত চুক্তির একটি কপি রাখুন এবং অনুরোধ পেলে DSNY-কে সেটি দেখাবেন।

অন-সাইট প্রক্রিয়াকরণ

- ইনস্টল করার 30 দিনের মধ্যে on.nyc.gov/commercial-organics ওয়েবসাইট থেকে সংগ্রহ করা অন-সাইট প্রক্রিয়াকরণ ফরমটি DSNY-এর কাছে জমা দিন।
- সামগ্রীগুলো কম্পোস্টিং বা বায়বীয়/অবায়বীয় পচনের মাধ্যমে প্রক্রিয়াকরণ করুন। খাদ্য বর্জ্যের গ্রাইন্ডার ব্যবহার করা অনুমোদিত নয়।
- ওজন বা আয়তনের রেকর্ড রাখুন এবং অনুরোধ পেলে DSNY-এর কাছে জমা দেয়ার জন্য কমপক্ষে তিন বছর ধরে রেকর্ড সংরক্ষণ করুন।
- বাকি থাকা জৈব বর্জ্য পরিবহনের জন্য অন্য পদ্ধতিগুলোর মধ্যে একটি ব্যবহার করুন।

পরামর্শ

- অপ্রয়োজনীয় বর্জ্য শনাক্ত করা এবং আপনার ব্যবসার টাকা সাশ্রয়ের জন্য বর্জ্য পদার্থের একটি অডিট করুন ! এক্ষেত্রে আপনার কার্টার আপনাকে সাহায্য করতে পারে, অথবা EPA-এর ওয়েবসাইট epa.gov/sustainable-management-food ব্যবহার করুন।
- নিউ ইয়র্ক সিটির অনেক সংগঠন দান করা খাবার গ্রহণ করে এবং বিনামূল্যে সেগুলো সংগ্রহ করে নিয়ে যায় - যা আপনার পাঠানোর খরচ কমিয়ে দেবে। কর্পোরেট দায়িত্বের রিপোর্টের জন্য দানের রেকর্ড রাখুন। আরো জানার জন্য nyc.gov/donate ওয়েবসাইট দেখুন।
- খামার থেকে বিভিন্ন সামগ্রী সংগ্রহের জন্য খালি ট্রাক পাঠাবেন না। ফিরতি পথে খালি ট্রাক নিয়ে ফেরত না আসাটা আপনার ব্যবসার জন্য উপযুক্ত হবে কিনা তা খুঁজে দেখুন।
- যদি আপনার সন্দেহ হয় যে আপনার কার্টার বা বিল্ডিং ম্যানেজমেন্ট জৈব বর্জ্য যথাযথভাবে ব্যবস্থাপনা করছে না, তাহলে on.nyc.gov/dsny-complaints ওয়েবসাইটে গিয়ে একটি অভিযোগ দায়ের করুন।